

## ■ সহীহ ইবনু হিবান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৩৬৬৬

১২. কিতাবুস সিয়াম (الصوم)

পরিচ্ছেদঃ ই'তেকাফকারী ব্যক্তির জন্য মুস্তাহাব হলো রমযানের শেষ দশকের বেজোড় রাতে লাইলাতুল কদর তালাশ করা।

ذِكْرُ مَا يُسْتَحْبِطُ لِلْمَرْءِ أَنْ يَطْلُبَ لَيْلَةً الْقَدْرِ فِي اعْتِكَافِهِ فِي الْوِتْرِ فِي الْعَشْرِ الْأَوَاخِرِ

আরবী

3666 - أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ الْجُنَيْدِ قَالَ: حَدَّثَنَا قُتَيْبَةُ بْنُ سَعِيدٍ قَالَ: حَدَّثَنَا بَكْرُ بْنُ مُضْرَبَ عَنِ ابْنِ الْهَادِ عَنْ مُحَمَّدٍ بْنِ إِبْرَاهِيمَ عَنْ أَبِي سَلَمَةَ بْنِ عَبْدِ الرَّحْمَنِ عَنْ أَبِي سَعِيدِ الْخُدْرِيِّ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُجَاوِرُ فِي الْعَشْرِ الَّذِي فِي وَسْطِ الشَّهْرِ فَإِذَا كَانَ مِنْ حِينَ يَمْضِي عِشْرُونَ لَيْلَةً وَيَسْتَقْبِلُ إِحْدَى وَعِشْرِينَ لَمْ يَرْجِعْ إِلَى مَسْكِنِهِ وَرَجَعَ مِنْ كَانَ يُجَاوِرُ مَعَهُ ثُمَّ إِنَّهُ أَقَامَ فِي شَهْرٍ جَاقِرٍ فِيهِ حَتَّى كَانَ تِلْكَ اللَّيْلَةُ الَّتِي يَرْجِعُ فِيهَا - فَخَاطَبَ النَّاسَ وَأَمْرَهُمْ بِمَا شَاءَ اللَّهُ ثُمَّ قَالَ: (إِنِّي كُنْتُ أُجَاوِرُ هَذِهِ الْعَشْرَ ثُمَّ بَدَا لِي أَنْ أُجَاوِرَ هَذِهِ الْعَشْرَ الْأَوَاخِرَ وَمَنْ كَانَ اعْتَكَفَ مَعِي فَلِيَبْتَثُ فِي مُعْتَكِفِهِ وَقَدْ أُرِيتَ هَذِهِ اللَّيْلَةَ فَأُنْسِيَتْهَا فَالْتَّمِسُوهَا فِي الْعَشْرِ الْأَوَاخِرِ فِي كُلِّ وِتْرٍ وَقَدْ رَأَيْتُنِي أَسْجُدُ فِي مَاءِ وَطِينٍ) قَالَ أَبُو سَعِيدِ الْخُدْرِيُّ: فَنَظَرْنَا لَيْلَةً إِحْدَى وَعِشْرِينَ فَوَكَفَ الْمَسْجِدُ فِي مُصَلَّى رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَنَظَرْتُ إِلَيْهِ وَقَدْ انْصَرَفَ مِنْ صَلَاةِ الصُّبْحِ وَوَجْهُهُ مُمْتَلِئٌ طِينًا وَمَاءً.

الراوي : أَبُو سَعِيدِ الْخُدْرِيِّ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليق الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 3666 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

(1251): ق.

৩৬৬৬. আবু সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম রম্যানের মধ্যম দশকে ই‘তেকাফ করতেন। অতঃপর যখন ২০ রাত গত হতো এবং ২১ তম রাত আগমন করে, তখন তিনি স্বীয় বাসস্থানে ফিরে আসতেন না এবং যারা তাঁর সাথে ই‘তে কাফ করতেন, তারা চলে যেতেন।

তারপর তিনি রম্যানের এক মাসে মুকীম ছিলেন। সেই মাসে তিনি ই‘তেকাফ করেন। অতঃপর যখন ই‘তেকাফ থেকে ফিরে আসার রাত আসলো, তখন তিনি লোকদের উদ্দেশ্যে ভাষণ দেন। তিনি তাদেরকে বিভিন্ন আদেশ করেন, যা আল্লাহ চান। তারপর তিনি বলেন, “আমি এই দশক ই‘তেকাফ করছিলাম। তারপর আমার মনে হলো যে, আমি শেষ দশকেও ই‘তেকাফ করবো। আর যে ব্যক্তি আমার সাথে ই‘তেকাফ করেছে, সে যেন তার ই‘তেকাফের স্থানে অবস্থান করে। অবশ্যই আমাকে এই রাতটি (স্বপ্নে) দেখানো হয়েছিল, অতঃপর আমাকে তা ভুলিয়ে দেওয়া হয়। কাজেই তোমার এটাকে শেষ দশকে প্রত্যেক বেজোড় রাতে তালাশ করো। আমি নিজেকে দেখেছি যে, আমি পানি ও কাদা মাটিতে সাজদা করছি।”

আবু সাঈদ খুদরী রাদিয়াল্লাহু আনহু বলেন, “অতঃপর আমরা ২১ তম রাত লক্ষ্য করি। এসময় মসজিদের চাল থেকে ফোটায় ফোটায় পানি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাতের স্থানে পড়ছিল। সালাত শেষ করার পর আমি তাঁর চেহারায় প্রচুর পানি ও কাদা মাটি দেখতে পাই।”[1]

## ফুটনোট

[1] মুয়াত্তা ইমাম মালিক: ১/৩১৯; সহীল বুখারী: ২০২৭; আবু দাউদ: ১৩৮২; সহীহ ইবনু খুয়াইমাহ: ২২৪৩; সুনান বাইহাকী: ৪/৩০৯; বাগারী: ১৮২৫; মুসনাদ আহমাদ: ৩/৭; হুমাইদী: ৭৫৬।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২৫১)

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুনঃনিরীক্ষিত

পাবলিশার: হাদিসবিডি □ বর্ণনাকারী: আবু সাঈদ খুদরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=93003>

**৫ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন**